যুগান্তর

তারিখ 1- APR 2008
পৃষ্ঠা ১২ কলাম ৫

সার্টিফিকেট জালিয়াত চক্রের সন্ধান লাভ মাদ্রাসা অধ্যক্ষসহ গ্রেফতার ৬

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে মাদ্রাসা শিক্ষাবোর্ডের সার্টিফিকেট জালিয়াত চক্রের সন্ধান পেয়েছে পুলিশ। সংঘবদ্ধ এ চক্রের মূল হোতা, মাদ্রাসার এক অধ্যক্ষসহ ৬ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের কাছ থেকে বিভিন্ন মাদ্রাসার দাখিল, আলিম, কামিল ও ফাজিল পরীক্ষার দু'শতা জাল সার্টিফিকেট, মূল সনদ, রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ছবি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট, সিলসহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এর মধ্যে কয়েক হাজার জাল সার্টিফিকেট ও শিক্ষার্থীদের ছবি পাওয়া গেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে হাটহাজারী মির্জাপুর মোমেনিয়া মাদ্রাসার অধ্যক্ষ লোকমান চিশতি (৫২), শিক্ষক জিয়াউল হক (৩০), রাউজান পহিরা মাদ্রাসার আরবি বিভাগের প্রধান মওলানা মোহাম্মদ ইব্রাহিম (৪৫), নেছার উদ্দিন (৩৮), খলিল উল্লাহ (২০), হুমায়ুন কবির মঞ্জু (২২)। শনিবার রাত ও গতকাল রোববার নগরীর পাঁচলাইশ এবং হাটহাজারীতে পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ। এর মধ্যে গতকাল পাঁচলাইশ ওয়াজেদিয়া মাদ্রাসায় দাখিল প্রক্সি পরীক্ষা দেয়ার সময় হাতেনাতে ধরা পড়েছে খলিল উল্লাহ ও হুমায়ুন কবির মঞ্জু। গ্রেফতারকৃতদের কাছ থেকে অনেক চাঞ্চল্যকর তথ্য পেয়েছে পুলিশ। গতকাল রোববার বিকালে হাটহাজারী থানা থেকে চট্টগ্রাম জেলা পুলিশ সুপার কার্যালয়ে তাদের নিয়ে এসে গোয়েন্দা পুলিশের একটি বিশেষ টিম ব্যাপক জিজ্ঞাসাবাদ করছে। গত একযুগ ধরে তারা জাল সার্টিফিকেট ব্যবসা চালিয়ে আসছে বলে পুলিশের কাছে স্বীকার করেছে। মাদ্রাসা শিক্ষা ব্যবসা করত। এ রকম আরও অনেক চাঞ্চল্যকর তথ্য দিয়েছে তারা গোয়েন্দা পুলিশকে। পুলিশ জানায়, চট্টগ্রামের বিভিন্ন উপজেলায় অবস্থিত বেশকিছু মাদ্রাসাকে ঘিরে দীর্ঘদিন ধরে মাদ্রাসাবোর্ডের সার্টিফিকেট জালিয়াত চক্র সক্রিয় রয়েছে। সংঘবদ্ধ এই চক্রের মূল হোতা বাঁশখালী কাপাড়িয়া ডিগ্রিপাড়া আহমদিয়া দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা মোঃ নেছার উদ্দিন। তার নেতৃত্বে চক্রটি মোটা অংকের টাকার বিনিময়ে দাখিল, আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার প্রক্সি দেয়া, মাদ্রাসাবোর্ডের জাল সার্টিফিকেট ব্যবসা করছে। গোপন সংবাদের ভিত্তিতে শনিবার রাত ১২টায় হাটহাজারী থানার ওসি মোঃ আলমগীরের নেতৃত্বে একদল পুলিশ হাটহাজারী বালিকা উচ্চবিদ্যালয়ের সামনে ভর্মির নিবাস নিচতলায় নেছারের বাসায় অভিযান চালায়। তার বাসা থেকে একবস্তা মাদ্রাসার জাল সার্টিফিকেট, প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ডসহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এর মধ্যে ছাত্রছাত্রীদের এক হাজার ছবি, ২ হাজার জাল সার্টিফিকেট পাওয়া গেছে। এ সময় এসব জাল সরঞ্জামাদিসহ পুলিশ নেছার উদ্দিনকে গ্রেফতার করে। তার স্বীকারোক্তি অনুযায়ী হাটহাজারী বাসস্ট্যান্ডস্থ বাসা থেকে ফতেয়াবাদের একটি মাদ্রাসার শিক্ষক জিয়াউল হককে (৩০) গ্রেফতার করা হয়। এরপর একই রাতে হাটহাজারীর ফঠিকা এলাকার কামাল ভিলায় অভিযান চালিয়ে মির্জাপুর মোমেনিয়া মাদ্রাসার অধ্যক্ষ লোকমান চিশতিকে (৫২) বিভিন্ন মাদ্রাসার খালি প্যাড, বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার ভূমি, মাদ্রাসা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন

যুগান্তর

চট্টগ্রামে মাদ্রাসা শিক্ষা বোর্ডের সার্টিফিকেট জালিয়াত চক্রের মূল হোতাসহ গ্রেফতারকৃত ৬ জন